



বাংলাদেশ জাতীয় জাদুঘর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৪৩.২২.০০০০.০১২.০২.০০২.৯৩, ট ৬০৭

তারিখ: ১০/১১/২০২০

বিষয়: সাংস্কৃতিক কার্যক্রম মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শন।

সূত্র: স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১২.০৬.০০৮.২০.৩২৮ তারিখ: ২৮/০৭/২০২০।

গত ২৩/০৭/২০২০ তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিতে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় সাংস্কৃতিক কার্যক্রম প্রতিবেদন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের নির্দেশনা রয়েছে।

নির্দেশনার আলোকে বাংলাদেশ জাতীয় জাদুঘরের অক্টোবর ২০২০-এর সাংস্কৃতিক কার্যবলীর প্রতিবেদন ও আলোকচিত্র (DVD) এতৎসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্ত: বর্ণনা মতে প্রতিবেদন ১ফর্ড (DVD) ১টি।

২০/১১/২০২০

(খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি)
মহাপরিচালক
বাংলাদেশ জাতীয় জাদুঘর

সচিব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নথিব মহোদয়ের দপ্তর
তাইরী নং-
তারিখ : ২৩/০৭/২০২০
অতিরিক্ত সচিব
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (সংস্কৃতি ও ঐতিহ্য)
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (উদ্যোগ)
<input checked="" type="checkbox"/> অতিরিক্ত সচিব (বিধানসভা)
যুক্তসচিব
সচিবের একান্ত সচিব
সচিবের স্বাক্ষর

Oz

বাংলাদেশ জাতীয় জাদুঘর
শাহবাগ, ঢাকা-১০০০।

অক্টোবর ২০২০ এ আয়োজিত অনুষ্ঠানমালা

১। বাংলাদেশ ও বাংলা ভাষার কালজয়ী কবি শামসুর রাহমানের ৯২তম জন্মদিন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে সেমিনার আয়োজন করা হয়। সেমিনারের বিষয়: শামসুর রাহমানের পংক্তিমালায় স্বদেশের মুখ। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপচার্য অধ্যাপক ড. বিশ্বজিৎ ঘোষ এবং সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট কথাসাহিত্যিক সেলিনা হোসেন। সভাপতিত করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। সেমিনারটি সঞ্চালনা করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক খোন্দকার মোস্তাফিজুর রাহমান এনডিসি।

প্রধান অতিথির ভাষণে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে. এম. খালিদ এমপি বলেন, বাংলাদেশ ও বাংলা ভাষার একজন অন্যতম প্রধান কবি ছিলেন শামসুর রাহমান। তিনি একাধারে কবিতা, গল্প, উপন্যাস, ছড়া, গান, প্রবন্ধ, অনুবাদ স্মৃতিকথা এবং কলাম লিখেছেন। তাঁকে নাগরিক ও স্বাধীনতার কবিও বলা হয়। তিনি পেশায় সাংবাদিক ছিলেন। সাহিত্য কর্মের জন্য কবি শামসুর রাহমান পেয়েছেন-আদমজী সাহিত্য পুরস্কার, বাংলা একাডেমি পুরস্কার, একুশে পদক, জীবনানন্দ পুরস্কার, স্বাধীনতা পদক, ভারতের যাদবপুর বিশ্ববিদ্যালয় এবং রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় কবিকে সম্মানসূচক ডি.লিট উপাধিতে ভূষিত করে। তাঁর পুরো জীবনটাই তিনি সাহিত্য চর্চায় কাজে লাগান। তাঁর কবিতা আমাদেরকে শক্তি যোগায়।

আমন্ত্রিত অতিথিসহ বাংলাদেশ জাতীয় জাদুঘরের কর্মকর্তাগন স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী পালনের অংশ হিসেবে বাংলাদেশ জাতীয় জাদুঘর ৩১/১০/২০২০ সকাল ১১ টায় কবি সুফিয়া কামাল মিলনায়তনে অনলাইনে বঙ্গবন্ধুর ওপর বিশেষজ্ঞ বক্তৃতা আয়োজন করে। অনুষ্ঠানে বিশেষ বক্তৃতা প্রদান করেন জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলাম। এছাড়াও জুমে (ZOOM) যুক্ত ছিলেন জনাব সাবিহা পারভীন, অধ্যাপক সুলতানা শফি, জনাব মোহাম্মদ জাকীর হোসেন এবং জনাব মো. আবুবকর সিদ্দিক। অনুষ্ঠানে সভাপতিত করেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং সঞ্চালনা করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক খোন্দকার মোস্তাফিজুর রাহমান এনডিসি।

বিশেষ বক্তৃতায় অধ্যাপক ড. রফিকুল ইসলাম বঙ্গবন্ধুর শিক্ষাজীবন, রাজনীতি, আন্দোলন ও সংগ্রামী জীবনের নানা দিক তুলে ধরেন।

আমন্ত্রিত অতিথিসহ বাংলাদেশ জাতীয় জাদুঘরের কর্মকর্তাগন স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।